# ফুটপাতের ব্যবসায়ীদের বৈধতা দিতে ট্রেড লাইসেন্স দেওয়ার উদ্যোগ



সংগৃহীত ছবি

ফুটপাতের ক্ষুদ্র ব্যবসায়ী ও অনানুষ্ঠানিক খাতের উদ্যোক্তাদের বৈধতা দিতে ট্রেড লাইসেন্স দেওয়ার বিশেষ উদ্যোগ নিয়েছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। এই উদ্যোগের আওতায় ব্যবসা বৈধ করার জন্য প্রয়োজনীয় সহায়তা দেবে এসএমই ফাউন্ডেশন।

ডিএনসিসির প্রশাসক মোহাম্মদ এজাজ জানিয়েছেন, সরকার আগারগাঁওকে একটি মডেল এলাকা হিসেবে গড়ে তুলতে চায়, যেখানে ফুটপাতসহ অনানুষ্ঠানিক খাতের সব ব্যবসাকে বৈধ করার ব্যবস্থা নেওয়া হবে।

এই বিষয়ে বৃহস্পতিবার অনুষ্ঠিত এসএমই ফাউন্ডেশন ও আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) যৌথ আয়োজনে 'ফরমালাইজ ইয়োর বিজনেস' শীর্ষক তিনদিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপারসন মো. মুসফিকুর রহমান এবং অতিথি ছিলেন ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী।

LENS ASIA

প্রশিক্ষণে দেশের বিভিন্ন প্রান্তের ক্ষুদ্র উদ্যোক্তাদের ট্রেড লাইসেন্স, আয়কর, ভ্যাট, খাদ্য ও পণ্যের মান নিয়ন্ত্রণসহ ব্যবসা বৈধকরণে প্রয়োজনীয় আইনি ও প্রশাসনিক জ্ঞান দেওয়া হয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২৪ সালের অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী, দেশে প্রায় ১ কোটি ১৮ লাখ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) শিল্পপ্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠান দেশের শিল্পখাতে মোট কর্মসংস্থানের ৮৫ শতাংশ জোগান দেয়, যেখানে কর্মরত জনবল ৩ কোটির বেশি।

এই উদ্যোগ সফল হলে হাজারো অনানুষ্ঠানিক ব্যবসায়ী প্রথমবারের মতো রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি পাবে, যা দেশের অর্থনীতিকে আরও গতিশীল করবে